[redacted]

[redacted]

মেহেরপুর সদর উপজেলার ভাইস চেয়ারম্যান পদের নির্বাচনী সরঞ্জমাদী হস্তান্তর

আগামীকাল ২৭ জুলাই মেহেরপুর সদর উপজেলার ভাইস চেয়ারম্যান পদ নির্বাচনের নির্বাচনী দায়িত্বরত প্রিজাইডিং কর্মকর্তার কাছে নির্বাচনী সরঞ্জমাদী হস্তান্তর করেছে নির্বাচন কমিশন।

আগামীকাল বুধবার মেহেরপুরের সদর উপজেলা ভাইস চেয়ারম্যান পদের উপ-নির্বাচন অনুষ্ঠিত হবে ।

আজ মঙ্গলবার সকাল থেকেই নির্বাচন উপলক্ষে নির্বাচনী দায়িত্বরত প্রিজাইডিং কর্মকর্তার কাছে নির্বাচনী সরঞ্জমাদী হস্তান্তর করেছে নির্বাচন কমিশন। নির্বাচন কর্মকর্তা মোহাম্মদ আবু আনছার এসকল সরঞ্জাম বিতরণ করেন।

প্রশাসনিক কর্মরতরা জানান, নির্বাচনকে একটি উৎসব মুখর পরিবেশ তৈরী করতে সব ধরনের নিরাপত্তা বলয় তৈরী করা হয়েছে।

মিরপুরে বিশ্ব জনসংখ্যা দিবস উপলক্ষে র্যালি ও আলোচনা সভা

বিশ্ব জনসংখ্যা দিবস উপলক্ষে কুষ্টিয়ার মিরপুর উপজেলায় র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার (২৬ জুলাই) সকালে উপজেলা প্রশাসনের কার্যালয়ের সামনে থেকে এ উপলক্ষে একটি বর্ণাঢ্য র্যালি বের করা হয়। পরে উপজেলা পরিষদ মিলনায়তনে আলোচনা সভার আয়োজন করা হয়।

মিরপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও)আব্দুল কাদিরের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মিরপুর

উপজেলা পরিষদের চেয়ারম্যান কামারুল আরেফীন।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন উপজেলা মহিলা ভাইস-চেয়ারম্যান মর্জিনা খাতুন, মিরপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স আরএমও সহ পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও অন্যানরা।

বক্তারা বলেন, বর্তমানে পৃথিবীর জনসংখ্যা ৮০০ কোটি। ১৯৮৭ সালে ছিল ৫০০ কোটি। তাই পরিবার পরিকল্পনা কর্মসূচির গুরুত্ব অনস্বীকার্য। তারা বলেন, আমাদের মাতৃমৃত্যু হার, জন্মহার কমিয়ে আনতে হবে। স্বাভাবিক প্রসবের হার বাড়াতে হবে। আমাদের কর্মক্ষম লোকসংখ্যা বেশি। তাদের প্রশিক্ষিত করে তুলতে পারলে আমরা অর্থনৈতিকভাবে স্বাবলম্বী হতে পারব। তারা বলেন, পরিবার পরিকল্পনা বিভাগ কাজ করছে বলেই আজ বাংলাদেশ দারিদ্র্যসীমার ঊর্ধ্বে অবস্থান করছে।

সভাশেষে পরিবার পরিকল্পনা বিভাগের বিভিন্ন ক্যাটেগরিতে শ্রেষ্ঠত্ব অর্জনকারী কর্মীদের মাঝে সম্মাননা ক্রেস্ট প্রদান করা হয়।

কুষ্টিয়ায় জেলা পরিষদের উদ্যোগে শিক্ষার্থীদের মাঝে সাইকেল বিতরণ

কুষ্টিয়ায় দরিদ্র মেধাবী শিক্ষার্থীদের লেখাপড়ায় মননশীল করতে কুষ্টিয়া জেলা পরিষদের উদ্যোগে অস্বচ্ছল ও মেধাবী ছাত্র-ছাত্রীর মাঝে বাইসাইকেল বিতরণ করা হয়েছে।

মঙ্গলবার সকালে কুষ্টিয়া জেলা পরিষদ চত্বরে কুষ্টিয়া জেলা পরিষদের পরিষদ প্রশাসক হাজী রবিউল ইসলাম প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এসব বিতরণ করেন।

এসময় তিনি বলেন, বর্তমান আওয়ামী লীগ সরকার শিক্ষার্থীদের মানোন্নয়নে বিভিন্ন উদ্যোগ নিয়েছে। এরমধ্যে মেধাবী

শিক্ষার্থীদের মাঝে বাইসাইকেল বিতরণ একটি প্রকল্প। আমরা চাই প্রত্যেকটি শিক্ষার্থী যেন সুশিক্ষায় শিক্ষিত হয়ে সমাজ গঠনে অগ্রণী ভূমিকা রাখে। আজকের শিক্ষার্থীরা সুশিক্ষায় শিক্ষিত হলে দেশ এগিয়ে যাবে। আর এসব শিক্ষার্থীরা যাতে ঝড়ে পড়ে না যায় সেজন্য শিক্ষক মহল ও অভিভাবকদের সচেতন থাকার আহবান জানান তিনি।

কুষ্টিয়া জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা মুন্সী মোঃ মনিরুজ্জামানের সভাপতিত্বে এসময় কুষ্টিয়া জেলা পরিষদের সহকারী প্রকৌশলী মোঃ শফিকুল আজম, সদস্য মোঃ শরিফুল ইসলাম, প্রশাসনিক কর্মকর্তা মোঃ শাহিনুজ্জামান সহ কর্মচারীবৃন্দ, শিক্ষার্থী ও অভিভাবক উপস্থিত ছিলেন।

কুষ্টিয়া জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা মুন্সী মোঃ মনিরুজ্জামান জানান, কুষ্টিয়া জেলা পরিষদের উদ্যোগে ও বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) প্রকল্পের আওতায় ১০জন অস্বচ্ছল মেধাবী ছাত্র-ছাত্রীর মাঝে বাই সাইকেল বিতরণ করা হয়।

মেহেরপুর পুলিশের ২৪ ঘন্টার অভিযানে গ্রেফতার ৮

মেহেরপুর সদর ও মুজিবনগর থানা পুলিশের ২৪ ঘন্টার নিয়মিত অভিযানে আদালতের পরোয়ানাভূক্তসহ বিভিন্ন মামলায় ৮ আসামী গ্রেফতার হয়েছে।

এদের মধ্যে মেহেরপুর সদর থানা পুলিশ নিয়মিত মামলায় ৩ ও আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলায় ১ ও সিআর মামলায় ২ আসামী এবং মুজিবনগর থানা পুলিশ নিয়মিত মামলায় ২ আসামী গ্রেফতার করে।

সোমবার (২৫ জুলাই) সকাল থেকে আজ মঙ্গলবার (২৬ জুলাই) ভোররাত পর্যন্ত দুই টি উপজেলার বিভিন্ন স্থানে পুলিশের পৃথক ইউনিট অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করেন।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত ওসি মেজবাহ উদ্দীন আহম্মেদ ও মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেল অভিযানে

নেতৃত্ব দেন।

মেহেরপুর পুলিশ সুপারের কন্ট্রোল রুম এ তথ্য নিশ্চিত করেছেন।

এদিকে মেহেরপুর সদর থানায় একটি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা এফআইআরভূক্ত হয়েছে।

গ্রেফতারকৃত আসামীদের আজ মঙ্গলবার (২৬ জুলাই) সকালের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

গাংনীর চৌগাছা খ্রীষ্টান পল্লীতে ক্রেতা সেজে গাঁজা ব্যবসায়ীকে আটক

ক্রেতা সেজে খ্রীষ্টান পল্লীতে অভিযান চালিয়ে ৫’শ গ্রাম গাঁজাসহ জোসেফ রোজারিও (৫০) নামের এক গাঁজা কারবারীকে আটক করেছে মেহেরপুর জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।

আটক জোসেফ রোজারিও গাংনী উপজেলা চৌগাছা গ্রামের খ্রিষ্টান পল্লীর ক্লেমন্ট রোজারিওর ছেলে।

আজ মঙ্গলবার (২৬ জুলাই) সকালের দিকে মেহেরপুর জেলা মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের একটি ইউনিট ক্রেতা সেজে তার বাড়িতে অভিযান চালিয়ে তাকে আটক করেন। এসময় তার কাছ থেকে ৫ শ গ্রাম গাঁজা জব্দ করা হয়।

জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-পরিচালক আব্দুল মান্নান সঙ্গীয় ফোর্স নিয়ে এ অভিযান পরিচালনা করেন।

জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-পরিচালক আব্দুল মান্নান বলেন, ক্রেতা সেহজে তার বাড়িতে অভিযান চালানো জয়। জোসেফ রোজারিওরকে আটকের পর তার শয়ন কক্ষে তল্লাশী চালিয়ে সানসেটের উপর থেকে ৫’শ গ্রাম গাঁজা উদ্ধার হয়।

জোসেফ রোজারিওর বিরুদ্ধে গাংনী থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে হস্তান্তর করা হয়েছে।

মেহেরপুরে ৮ টি মামলার আসামীসহ ২ জন আটক, ৬ গ্রাম হেরোইন জব্দ

মেহেরপুর সদর থানা পুলিশের মাদক বিরোধী অভিযানে ৬ গ্রাম হেরোইন ও ৮ টি মামলার আসামীসহ দুই মাদক বিক্রেতা আটক হয়েছে।
এরা হলেন, সাইফুল ইসলাম(৪০) ও কামরুজ্জামান(৩০)।
সোমবার (২৫ জুলাই) দিবাগত রাত ৮ টার দিকে সদর উপজেলার বামন পাড়া এলাকায় অভিযান চালিয়ে এই দুজনকে আটক করে পুলিশ। এসময় তাদের দেহ তল্লাশি চালিয়ে তাদের কাছ থেকে ছয় গ্রাম হেরোইন উদ্ধার করে পুলিশ।
মেহেরপুর সদর থানার এসআই জুম্মান খানের নেতৃত্বে এ এস আই ইব্রাহিম বিশ্বাস ও এএস আই মোহাম্মদ মাহবুব সহ-সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালান।
আটককৃত সাইফুল ইসলাম সদর উপজেলার বামন পাড়া এলাকার মানারুল ইসলামের ছেলে এবং কামরুজ্জামান মেহেরপুর শহরের হোটেল বাজার এলাকার মৃত আব্দুল মুমিন শেখের ছেলে। দুজনের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে নিয়মিত মামলা দায়ের করা হয়েছে।
আটক সাইফুল ইসলামের নামে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে আটটি মামলা রয়েছে।
মঙ্গলবার (২৬ জুলাই) সকালের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হবে।

মেহেরপুরে দুইটি ওষুধের

দোকানে ১০ হাজার টাকা অর্থদণ্ড

মেহেরপুর শহরের কাথুলী বাস স্ট্যান্ডের দুটি ওষধের দোকানে অভিযান চালিয়ে মেয়াদ উত্তীর্ণ ওষধ এবং স্যাম্পল পাওয়ায় ৫ হাজার টাকা করে ১০ হাজার টাকা অর্থদণ্ড করেছেন ভ্রাম্যমাণ আদলতের নির্বাহী ম্যাজিস্ট্রেট।

মেহেরপুর শহরের কাথুলী বাস স্ট্যান্ড এলাকার ঈশান ইমন ফার্মেসী ও খান ফার্মেসিতে এ অভিযান চালান ম্যাজিস্ট্রেট।
মেহেরপুর জেলা প্রশাসনের সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট আসাদুজ্জামান নূর এ আদালত পরিচালনা করেন।

সোমবার (২৫ জুলাই) দুপুরের দিকে মেহেরপুর শহরের কাথুলী বাস স্ট্যান্ড এলাকায় ফার্মেসি দুটিতে অভিযান চালিয়ে মেয়াদ উত্তীর্ণ ওষধ ও বিভিন্ন কোম্পানির স্যাম্পল পাওয়ায় ড্রাগ আইন ১৯৪০ এর ১৮ ধারা ভঙ্গের অপরাধে ভ্রাম্যমান আদালতের মাধ্যমে ২৭ ধারাই ২ টা দোকানে মোট ১০ হাজার টাকা অর্থদণ্ড করা হয়।

মুজিবনগরে শারীরিক প্রতিবন্ধী আকালির নতুন যাত্রা…

ফ্রান্সিস দফাদার ওরফে আকালি। মুজিবনগর উপজেলার বাগোয়ান গ্রামের শারীরিকভাবে অসুস্থ। জীবন যুদ্ধে ক্লান্ত আকালির যাপিত জীবনে পাশে হয়তো অনেকেই দাড়িয়েছেন বিচ্ছিন্নভাবে, কিন্তু তা তার দারিদ্র্যের যবনিকা টানতে পারেনি।

আত্মমর্যাদার সাথে আয়বর্ধনকারী কাজের সংস্থান ছিলো আকালির একমাত্র লালিত স্বপ্ন। সেই স্বপ্ন সত্যি করতে দশ হাজার টাকা মুদি সামগ্রী কিনে দিয়ে দোকান চালিয়ে জীবন সংগ্রামে সহযোগীতা করেছে উপজেলা প্রশাসন।

মেহেরপুর জেলা প্রশাসক ড. মুনসুর আলম খান এঁর আর্থিক সহায়তায় ও পরামর্শে মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকারের তত্ত্বাবধানে, ফ্রান্সিস দফাদার ওরফে আকালির নতুন পথযাত্রা শুরু হয়েছে।

মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা সুজন সরকার বলেন, মেহেরপুরের মুজিবনগরের উন্নয়নের রুপকার জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন, যিনি প্রশাসনের সকল শুভ কাজের অনুপ্রেরণা। তারই অনুপ্ররণায় এবং প্রশাসনের সহযোগীতায়, শারীরিক প্রতিবন্ধী আকালিকে জীবন সংগ্রামে নতুন যাত্রা শুরু হলো।

আকালির সাথে কথা বলে জানা যায়, তার চাহিদা মোতাবেক দোকানের জন্য তাকে দশ হাজার টাকার বিভিন্ন মুদি সামগ্রী জেলা প্রশাসনের পক্ষ থেকে কিনে দেয়া হয়েছে। সহযোগীতার জন্য, প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন, জেলা প্রশাসক ও মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তাকে ধন্যবাদ ও কৃতজ্ঞত জানান।

অজ্ঞানপার্টির খপ্পরে পড়ে গরু ব্যবসায়ী অর্ধলক্ষ টাকা লুট

যাত্রীবাহি বাসের মধ্যে অজ্ঞান পার্টির খপ্পরে পড়ে অর্ধলক্ষ টাকা হারিয়ে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে মৃত্যুর সাথে পাঞ্জা লড়ছেন কুষ্টিয়া মিরপুর উপজেলার বহলবাড়িয়া ছত্রগাছা গ্রামের গরু ব্যবসায়ী মতিয়ার রহমান (৫৭)।

সোমবার দুপুরে মেহেরপুর কুষ্টিয়া সড়কের মিরপুর কাতলামারি বাজারে আসার পথে যাত্রীবাহি একটি বাসের মধ্যে এঘটনা ঘটে। মতিয়ার রহমান বহলবাড়িয়া গ্রামের মুত মুলহাক মন্ডলের ছেলে।

মতিয়াররের বড় ছেলে সোহাগ জানান, সোমবার দুপুরে কাতলামারি পশু হাটে গরু ক্রয় করার জন্য আমার মায়ের কাছ থেকে ৫০ হাজার টাকা নিয়ে রাস্তায় বের হন আমার বাবা। তার কাছেও টাকা ছিল যার পরিমান আমরা বলতে পারবোনা। একটি মোবাইল ফোন ছিল। বিকেল গড়িয়ে সন্ধা হলেও

বাবা বাড়ি না ফিরে এলে তার মোবাইলে কল করা হয়। কলটি গাংনী হাসাপালের একজন ব্যাক্তি রিসিভ করে আমার বাবার বিষয়টি জানতে পেরে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ছুটে আসি। আমার বাবা এখনও অজ্ঞান অবস্থায় রয়েছেন। তার কাছে টাকা পায়সা যা ছিল সব নিয়ে গেছে অজ্ঞান পার্টির সদস্যরা। বাস চালক তাকে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সামনে নামিয়ে দিয়ে যায়। আমার বাবাকে বাজারের লোকজন হাসপাতালে ভর্তি করেন।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্রে চিকিৎসক খোকন রেজা জানান, অজ্ঞাত ব্যাক্তি হিসেবে অজ্ঞান অবস্থায় ভর্তি করা হয়েছিল ওই ব্যাক্তিকে। পরে পারিবারের লোকজন এসে তার পরিচয় নিশ্চিত হওয়া গেছে। তবে তার জ্ঞান ফিরে পেতে অনেক সময় লাগবে।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, বিষয়টি শূনে স্বাস্থ্য কমপ্লেক্সে পুলিশ পাঠিয়েছিলাম। মতিয়ারের জ্ঞান ফিরে না আসা পর্যন্ত কিছ’ বলা যাচ্ছেনা তার সাথে কি হয়েছে।